গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়,
কুষ্টিয়া বিভাগ, কুষ্টিয়া- ৭০০০।
email-dpmgkst@gmail.com

স্মারক নং- ১৪.৩১.৫০০০.৪৬৪.০৬.০৫.২৪ /স্মার্ট সার্ভিস পয়েন্ট/মেহেরপুর এইচও

তারিখ, কুষ্টিয়া : ২৩/০৪/২০২৪ খ্রি

## উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি বিজ্ঞপ্তি

মেহেরপুর প্রধান ডাকঘরের "স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস" এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিয়োজন/নিযুক্তির লক্ষ্যে মেহেরপুর জেলার সদর উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | উপজেলা ও জেলার নাম | উদ্যোক্তার সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্যোক্তা (লেটার রাইটার) স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস | মেহেরপুর সদর, মেহেরপুর | ২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে নূন্যতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে স্মার্ট সার্ভিস পয়েন্ট' এর জন্য প্রয়োজনীয় উপকরণ, যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডেজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে;<br>(চ) রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে;<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে; | |

### শর্তাবলী :

১। আবেদন শুরুর তারিখ : ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ : ০২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। আবেদনের লিংক : https:// bdpost.eksheba.gov.bd)
২।'একসেবা' প্লাটফর্মে আবেদনের নিচের দিকের 'মুক্তপাঠের' মাধ্যমে অনলাইন পরীক্ষায় যুক্ত হওয়ার জন্য রেজিষ্ট্রেশন লিংক দেওয়া থাকবে। (রেজিষ্ট্রেশন লিংক https://muktopaath.gov.bd/registration/learner) এই লিংকে ক্লিক করে রেজিষ্ট্রেশন করতে হবে। কোন ই-মেইল আইডি দিয়ে রেজিষ্ট্রেশন করা যাবে না। আবেদনের সময় যে মোবাইল নম্বর ব্যবহার করা হয়েছে, সেই মোবাইল নম্বর দিয়ে রেজিষ্ট্রেশন করতে হবে। রেজিষ্ট্রেশন না করলে অনলাইন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না।
৩। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় নূন্যতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
৪। প্রার্থীর বয়স ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ১৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
৫। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:
ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোন প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায়দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।
গ) সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
৬। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা , অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক ) পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদ পত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
৮। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ,যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
৯। উদ্যোক্তা হিসেবে নিয়োজন/নিযুক্তির বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১১। স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারী/আউটসোর্সিং/অন্য কোন চাকুরীর পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারীকরণের জন্য ভবিষ্যতে কোন আবেদন বা অন্য কোন পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
১২। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসঙ্গতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিয়োজনকারী/নিযুক্তিকরণ কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
১৩। স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিস এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
১৪। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীকে জানানো হবে।

২৩/৪/২৪
(মোঃ হাসানুজ্জামান)
শহর পরিদর্শক
মেহেরপুর প্রধান ডাকঘর, মেহেরপুর- ৭১০০।
এবং সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি
তারিখ, কুষ্টিয়া : ২৩/০৪/২০২৪ খ্রি

স্মারক নং- ১৪.৩১.৫০০০.৪৬৪.০৬.০৫.২৪ /স্মার্ট সার্ভিস পয়েন্ট/মেহেরপুর এইচও
সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, মেহেরপুর ।
২। ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, কুষ্টিয়া বিভাগ, কুষ্টিয়া- ৭০০০।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সদর।
৪। উপজেলা চেয়ারম্যান, মেহেরপুর ।
৫। মেয়র, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর ।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, মেহেরপুর সদর।
৭। তথ্য অফিসার, মেহেরপুর উপজেলা, মেহেরপুর ।
৮। চেয়ারম্যান(সকল), মেহেরপুর উপজেলা মেহেরপুর ।
৯। পরিদর্শক(প্রশাসন), কুষ্টিয়া বিভাগ, কুষ্টিয়া। তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১০। পোস্টমাস্টার, মেহেরপুর প্রধান ডাকঘর, মেহেরপুর- ৭১০০।
১১। ইউপি সচিব(সকল), মেহেরপুর উপজেলা, মেহেরপুর।
১২। নোটিশ বোর্ড ............................................ কার্যালয়।
১৩। অফিস কপি।

২৩/৪/২৪
শহর পরিদর্শক
মেহেরপুর প্রধান ডাকঘর, মেহেরপুর- ৭১০০।